

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ অফিস
নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ

নং ৩৩.০১.৬৭৫৮.০০০.১১.০০৩.২০-৭০৪

তারিখ- ১৪/০৭/২০২০ইং

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে সেবাদানকারী Livestock Service provider (LSP) ফতুল্লা ইউনিয়ন নারায়নগঞ্জ সদর উপজেলা পদটি খালি হওয়ায় উক্ত শূন্য পদে একজন লাইভস্টক সার্ভিস প্রভাইডার নির্বাচন করা হবে। নিম্নোক্ত যোগ্যতার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নং, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি সম্বলিত স্বহস্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের আগামী ২২/০৭/২০২০ ইং তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের অনুরোধ করা হল।

যোগ্যতা ও অভিজ্ঞতা

১. প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়নের (ফতুল্লা, নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ) বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
৩. নারী বা পুরুষ উভয়েই আবেদন করতে পারবে।
৪. ক্ষুদ্র বা প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৫. শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাস হতে হবে। বাংলা পড়ায় বা লিখায় দক্ষ হতে হবে।
৬. প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা ও লালন পালন কাজে অভিজ্ঞতা থাকতে হবে।
৭. কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
৮. অন্য কোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের এবং/ অথবা এনএটিপি সিলদের আবেদন করার প্রয়োজন নেই।

ডা. মো. আতাউর রহমান ভূঞা
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ করা হল-

১. উপজেলা নির্বাহী অফিসার, নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ।
২. উপজেলা কৃষি অফিসার, নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ।
৩. উপজেলা যুব উন্নয়ন অফিসার, নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ।

অনুলিপি-

১. নোটিশ বোর্ড।
২. অফিস নথি।